



Robert H. Goddard Middle School 202

138-30 Lafayette Street Ozone Park, NY 11417

P:718-848-0001 Fax:718-848-8082

Website: <http://www.ms202q.org>

William M. Fitzgerald, Principal

Assistant Principals: Stacy Mizrahi Kelly Barton Jason Lloyd

এপ্রিল ১৬, ২০২০

প্রিয় পরিবারেরা,

এই কঠিন সময়ে আমি আশা করি আপনারা সুস্থ আছেন। যদি আপনি অথবা আপনার পরিচিত কেউ COVID-19 এ আক্রান্ত হয়ে থাকেন আশা করি তারা সুস্থ হয়ে উঠছেন। ভাইরাসটি বিপজ্জনক এবং প্রত্যেকেই এর ঝুঁকির মধ্যে আছে।

আমি যতদূর নিশ্চিত আপনারা এটা ভালো করেই জানেন যে, নিউইয়র্কের স্কুলগুলি ২০১৯-২০২০ স্কুল ইয়ারের বাকি সময়ের জন্য বন্ধ থাকবে। আমি নিশ্চিত এটা আপনারদের অন্য অত্যন্ত দুঃখের সংবাদ। আমরা সবাই এর কারণ জানি, তাই আর বিস্তারিত বলতে যাচ্ছি না। আমি আপনারদেরকে যা বলতে পারি তা হলো, এই সংকটের শুরু থেকেই আমাদের ফ্যাকাশিট প্রস্তুতি নিচ্ছে। আমাদের স্কুলগুলো ইতোমধ্যে এই ব্যাপারে এগিয়ে আছে, কারণ আমাদের বেশিরভাগ শিক্ষক মহামারী শুরু হওয়ার আগে থেকেই Google Classroom ব্যবহার করে আসছিলেন। যারা আগে ব্যবহার করেননি, তারা এখন করছেন। আমাদের নিবেদিতপ্রাণ স্টাফরা আছেন যারা এই পরিস্থিতির গভীরতা খুব ভালোভাবে বুঝেন এবং যার যার ঘরে থেকেই Remote/Virtual Learning এর মাধ্যমে সবাইকে একটি অর্থপূর্ণ এবং কার্যকরী শিক্ষা অভিজ্ঞতা পৌঁছে দিতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। যদিও, তাদের জন্য এটা মোটেও সহজ কাজ নয়।

আমরা পরিবারগুলোর জন্য একটি জরিপ শুরু করেছি যেটা সম্পূর্ণ করা জরুরী। একটি আলাদা ইমেইলে এই জরিপটি লিংক হিসেবে যাবে। লিংকটি ভালো করে দেখুন এবং যত দ্রুত সম্ভব কমপ্লিট করুন। এটা থেকে আমরা বুঝতে পারব, উদ্ভূত এই কঠিন পরিস্থিতিতে আপনারা কী অনুভব করছেন এবং কীভাবে এই বাস্তবতা মোকাবিলা করছেন। আমি এবং আমার স্টাফরা আপনারদেরকে সর্বাত্মক সহযোগিতা করার চেষ্টা করে যাব। প্রতিদিন আমাদের স্কুলের ওয়েবসাইট (www.ms202q.org) ভিজিট করার জন্য আমি আপনারদেরকে উৎসাহিত করছি। ওয়েবসাইটটি ব্যবহার করতে করতে অভ্যস্ত হয়ে উঠুন। আমরা প্রতিদিন আপডেট দেই। DOE বাবা-মাদের বিভিন্ন বিষয়ে সহযোগিতা করার উদ্যোগ নিয়েছে যেগুলো আমাদের পেজে পাওয়া যাবে এবং DOE ওয়েবসাইটেও পাওয়া যাবে। লিংকটি হলো -

https://docs.google.com/spreadsheets/d/1G-E_6qL_c8BiLjrLXYBfghsLdxSHzWqBvCVweZPhewE/htmlview

আমাদের স্কুল ওয়েবসাইট ভিজিট করলে এই সুবিধাগুলো সম্পর্কে আরো লিংক পাবেন।

লং টার্ম স্কুল ইয়ারের ব্যাপারে আমাদের পরিকল্পনা চলছে। আপনারদের মধ্যে অনেকেই ইতোমধ্যে বিভিন্ন ধরনের প্রশ্ন নিয়ে এবং বিভিন্ন বিষয় নিয়ে আমাদের সাথে যোগাযোগ করেছেন। আমি আপনারদেরকে এই ব্যাপারে উৎসাহিত করছি যে আপনারদের মনে যে চিন্তাই আসে তা আমাদেরকে প্রতিনিয়ত জানাতে থাকুন। আমি এবং প্রত্যেক গ্রেডের AP তাদের নিজ নিজ টিম নিয়ে আপনারদের প্রশ্নগুলো যাচাই করছে এবং আপনারদের সাথে যোগাযোগ করে যাচ্ছে।

Remote Learning শুরু হওয়ার পর আমরা ইতোমধ্যে পঞ্চম সপ্তাহে আছি। এখন আমাদের মনোযোগ দেয়া উচিত কী কী ঠিকঠাক কাজ করছে, আর কোন কোন বিষয় ঠিক করা উচিত। আমি আপনারদেরকে নিশ্চিত করতে চাচ্ছি যে, আমাদের বর্তমান অবস্থা নিয়মিত পর্যালোচনা করার জন্য নিয়মিত স্টাফদের সাথে আলোচনায় বসছি এবং বছরের বাকি সময়ের জন্য যা যা ব্যবস্থা নেয়া প্রয়োজন সে অনুযায়ী কাজ করছি।

আমার সামনের পরিকল্পনা হচ্ছে, প্রতি সপ্তাহে একবার রবিবার বিকেলে চিঠি বা ফোন মেসেজের মাধ্যমে পরিবারগুলোকে হালনাগাদ জানানো।

সুস্থ থাকুন, নিরাপদ থাকুন।

উইলিয়াম ফিটজেরাল্ড

প্রিন্সিপাল